# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩২০

১/ বিবিধ

আরবী

كما تكونوا يولى عليكم

ضعيف

أخرجه الديلمي من طريق يحيى بن هاشم عن يونس بن أبي إسحاق عن أبيه عن جده عن أبي بكرة مرفوعا، والبيهقي في " الشعب " من طريق يحيى عن يونس بن أبي إسحاق عن أبي إسحاق مرسلا، ويحيى في عداد من يضع

لكن له طريق أخرى عند ابن جميع في " معجمه " (ص 149) والقضاعي في " مسنده " (1 / 47) من جهة أحمد بن عثمان الكرماني عن المبارك بن فضالة عن الحسن عن أبي بكرة مرفوعا

قال ابن طاهر: والمبارك وإن ذكر بشيء من الضعف فالتهمة على من رواه عنه فإن فيهم جهالة، كذا في المناوي

وقال الحافظ ابن حجر في " تخريج الكشاف " (4 / 25) : وفي إسناده إلى مبارك مجاهيل

قلت: ومن هذا الوجه رواه السلفي في " الطيوريات " (1 / 282)

ثم إن الحديث معناه غير صحيح على إطلاقه عندي، فقد حدثنا التاريخ تولي رجل صالح عقب أمير غير صالح والشعب هو هو

বাংলা

৩২০। তোমরা যেরূপ, সেরূপ ব্যাক্তিকেই তোমাদের নেতা নিয়োগ করা হবে।

হাদীসটি দুর্বল।

এটি দাইলামী ইয়াহইয়া ইবনু হাশেম সূত্রে ইউনুস ইবনু আবী ইসহাক হতে ... মারফু’ হিসাবে বর্ণনা করেছেন।

বাইহাকী একই সনদে মুরসাল হিসাবে “আশ-শু’য়াব” গ্রন্থে বর্ণনা করেছেন। এ ইয়াহইয়াকে সেই দলের মধ্যে গণ্য করা হয় যারা হাদীস জাল করতেন। কিন্তু হাদীসটির অন্য সূত্র ইবনু জামী’র "আল-মুজাম" গ্রন্থে (পৃঃ ১৪৯) এবং কাযাঈর “মুসনাদ” গ্রন্থে (১/৪৭) আহমাদ ইবনু উসমান কিরমানী হতে, তিনি মুবারাক ইবনু ফুযালা হতে ... বর্ণনা করেছেন।

ইবনু তাহের বলেনঃ মুবারাকের ব্যাপারে যদিও কিছুটা দুর্বলতার কথা উল্লেখ করা হয়েছে তবুও দোষটা তার থেকে বর্ণনাকারীর। কারণ তিনি (আহমাদ ইবনু
উসমান) হচ্ছেন মাজহুল অপরিচিত।

ইবনু হাজার “তাখরীজুল কাশশাফ” গ্রন্থে (৪/২৫) বলেনঃ মুবারাক পর্যন্ত হাদীসটির সকল বর্ণনাকারী মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5579

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন